সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/২০৭ তারিখ: ০৬ আগস্ট, ২০২৬

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়: ২০২৬-২০২৭ অর্থবছরের রপ্তানি উন্নয়ন ব্যুরো (EPB)-এর নিবন্ধন সনদ নবায়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

সূত্র: রপ্তানি উন্নয়ন ব্যুরো'র (EPB) বিজ্ঞপ্তি নং: ২৬.০২.০০০০.০০০.০৪৭.৫২.০০০১.২৫.৭৪ তারিখ: ১৬ জুন ২০২৬

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, রপ্তানি উন্নয়ন ব্যুরো (EPB) কর্তৃক ২০২৬-২০২৭ অর্থবছরের নিবন্ধন সনদ নবায়নের জন্য সূত্রোক্ত বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। পোশাক রপ্তানি কার্যক্রম নির্বিঘ্ন রাখতে ব্যুরো নির্দেশিত নিম্নলিখিত বিষয়াবলী অনুসরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে:

**অনলাইন আবেদন:** সকল হালনাগাদ ডকুমেন্টসহ রপ্তানি উন্নয়ন ব্যুরোর অফিশিয়াল ওয়েবসাইট ems.epb.gov.bd-এ লগইন করে নবায়নের আবেদন সম্পন্ন করতে হবে।

**মেয়াদ নির্বাচন:** রপ্তানিকারক প্রতিষ্ঠান প্রয়োজন অনুযায়ী ১ থেকে ৫ বছর পর্যন্ত মেয়াদের নবায়ন সনদ গ্রহণ করতে পারবেন। আবেদনের সময় কাঙ্ক্ষিত মেয়াদ উল্লেখ করতে হবে এবং সেই অনুযায়ী ফি প্রযোজ্য হবে।

**ফি ও ব্যাংক অ্যাকাউন্ট:** প্রতি বছরের জন্য নিয়মিত নবায়ন ফি ভ্যাটসহ ৪,৬০০ টাকা। এই ফি BRAC Bank A/C No: 1503202417031001-এ পে-স্লিপের মাধ্যমে অথবা সোনালী ব্যাংকের নির্ধারিত গেটওয়ে ব্যবহার করে জমা দেওয়া যাবে। (নতুন নিবন্ধনের ক্ষেত্রে ভ্যাটসহ ফি ৮,৬২৫ টাকা)।

**বিলম্ব ফি ও চূড়ান্ত সময়সীমা:** নিয়মিত ফি দিয়ে নবায়ন করার শেষ সময় ৩১ আগস্ট, ২০২৬। উক্ত তারিখ পার হয়ে গেলে ৪,০০০ টাকা নিয়মিত ফির সাথে ৩,০০০ টাকা বিলম্ব ফি এবং ভ্যাটসহ মোট ৮,০৫০ টাকা প্রদান করে নবায়ন করতে হবে।

**REX এবং Export Tracker সংক্রান্ত নির্দেশনা:** EU REX নম্বরপ্রাপ্ত সকল তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানকে দ্রুততম সময়ের মধ্যে REX-এ ঘোষিত সব কনসাইনমেন্টের ডকুমেন্ট Export Tracker-এ দাখিল সাপেক্ষে নবায়ন সম্পন্ন করতে হবে। ব্যুরোর আঞ্চলিক ও শাখা কার্যালয় থেকে সেবা গ্রহণকারীরা ওয়েবসাইটে স্ব-স্ব সার্ভিস অফিস (Service Office) সিলেক্ট করে এই কার্যক্রম করতে পারবেন।

উল্লেখ্য, আগামী ৩১ আগস্ট, ২০২৬ তারিখের মধ্যে এই নিবন্ধন নবায়ন সম্পন্ন করা না হলে রপ্তানি উন্নয়ন ব্যুরো থেকে প্রদেয় বিভিন্ন প্রিফারেন্সিয়াল সার্টিফিকেট অব অরিজিন (যেমন: GSP, CO, SAPTA, SAFTA, APTA) ইস্যু এবং EU REX বিষয়ক সকল সেবা সম্পূর্ণ স্থগিত থাকবে।

এমতাবস্থায়, আগামী ৩১ আগস্ট, ২০২৬ তারিখের মধ্যে নিবন্ধন ও নবায়নের সমস্ত আনুষ্ঠানিকতা সম্পন্ন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রয়োজনীয় কার্যার্থে রপ্তানি উন্নয়ন ব্যুরো'র (EPB) বিজ্ঞপ্তিটি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

৬/৮/২০২৬

মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহা-সচিব

সংযুক্তি: বর্ণনামতে।



BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রপ্তানি উন্নয়ন ব্যুরো
বস্ত্র বিভাগ
টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা
www.epb.gov.bd

নম্বর: ২৬.০২.০০০০.০০০.০৪৭.৫২.০০০১.২৫.৭৪

তারিখ: ২ আষাঢ় ১৪৩৩
১৬ জুন ২০২৬

## বিজ্ঞপ্তি

**বিষয়: বাংলাদেশ হতে তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহের নিবন্ধন ও সনদ নবায়ন।**

বাংলাদেশি তৈরি পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থবছরের রপ্তানি উন্নয়ন ব্যুরোর নিবন্ধন সনদ নবায়নের ক্ষেত্রে অনুসরণীয় বিষয়াবলী নিম্নরূপঃ

ক) আগামী ০১ জুলাই ২০২৬ তারিখ হতে রপ্তানি উন্নয়ন ব্যুরোর ems.epb.gov.bd ওয়েবসাইটে Login করে সকল হালমেয়াদী ডকুমেন্টসহ নিবন্ধন নবায়নের আবেদন করতে হবে;

খ) রপ্তানিকারক প্রতিষ্ঠান প্রয়োজনানুসারে ব্যুরো হতে তাদের নিবন্ধন নবায়ন ০১ (এক) থেকে ০৫ (পাঁচ) বছর পর্যন্ত গ্রহণ করতে পারবে। এক্ষেত্রে নিবন্ধন নবায়নের আবেদনে মেয়াদ উল্লেখ করতে হবে এবং মেয়াদ অনুযায়ী নবায়ন ফি প্রযোজ্য হবে;

গ) নতুন প্রতিষ্ঠান নিবন্ধন ফি/চার্জ টা. ৭,৫০০/- + টা. ১,১২৫/-= টা. ৮,৬২৫/-অর্থাৎ ভ্যাটসহ আট হাজার ছয়শত পঁচিশ টাকা। নবায়ন ফি প্রতি বছর টা. ৪,০০০+ টা. ৬০০= টা. ৪,৬০০/- অর্থাৎ ভ্যাটসহ চার হাজার ছয়শত টাকা। যা Brac Bank A / C No-: 1503202417031001 এ পে-স্লিপ অথবা সোনালী ব্যাংকের নির্ধারিত গেটওয়ের মাধ্যমে পরিশোধযোগ্য;

ঘ) ৩১ আগস্ট ২০২৬ তারিখের পর নির্ধারিত নবায়ন ফি বাবদ টা. ৪,০০০/- এর সাথে বিলম্ব ফি টা. ৩,০০০/- + টা. ১,০৫০/-=টা. ৮,০৫০/- অর্থাৎ ভ্যাটসহ আট হাজার পঞ্চাশ টাকা প্রদান করে নবায়ন গ্রহণ করতে হবে; এবং

ঙ) REX নাম্বার প্রাপ্ত সকল তৈরি পোশাক রপ্তানিকারী প্রতিষ্ঠানকে দ্রুততম সময়ের মধ্যে REX এ ঘোষিত সকল কনসাইনমেন্টের ডকুমেন্ট Export Tracker এ দাখিল স্বাপেক্ষে নিবন্ধন নবায়ন গ্রহণ করতে হবে। তৈরী পোশাক রপ্তানির বিপরীতে রপ্তানি উন্নয়ন ব্যুরোর আঞ্চলিক ও শাখা কার্যালয় হতে সেবা গ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ ems.epb.gov.bd ওয়েবসাইটে ব্যুরোর স্ব-স্ব সার্ভিস অফিস Select করে নবায়ন কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

চ) নির্ধারিত সময়সীমার মধ্যে প্রতিষ্ঠান নিবন্ধন ও নবায়ন সংক্রান্ত আনুষ্ঠানিকতা সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

০২। আগামী ৩১ আগস্ট, ২০২৬ তারিখের মধ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরোর নিবন্ধন সনদ এর নবায়ন সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য, নিবন্ধন নবায়ন ব্যতীত রপ্তানি উন্নয়ন ব্যুরো হতে প্রদেয় বিভিন্ন প্রিফারেন্সিয়াল সার্টিফিকেট অব অরিজিন যেমন- জিএসপি, সিও, সাপটা, সাফটা, আপটা সনদ প্রদান ও EU REX বিষয়ক সেবা স্থগিত থাকবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি/নোটিস জারি করা হ'ল।

১৬-০৬-২০২৬
মোঃ শাহজালাল
পরিচালক
ফোন : +৮৮০৮১৮০০৮৯
ফ্যাক্স : ০২-৯১১৯৫৩১
ইমেইল : dir-textile@epb.gov.bd

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ# ৭/৭এ, ব্লক# এইচ ১, সেক্টর# ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।।
২। সভাপতি, বিকেএমইএ, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, সোনারগাঁও রোড, হাতিরপুল, ঢাকা।।
৩। সভাপতি, বিটিটিএলএমইএ, বিটিটিএলএমইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৪র্থ তলা), ঢাকা।।
৪। সভাপতি, বিএসটিএমপিআইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৩য় তলা), ঢাকা।, বিএসটিএমপিআইএ।
৫। সভাপতি, বিটিএমএ, ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮ পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।, বিটিএমএ।
৬। পরিচালক, আঞ্চলিক অফিস খুলনা, রপ্তানি উন্নয়ন ব্যুরো।

Kamrul DS 06.8.2026



CamScanner